

# মুজ্ঞ প্রাণের প্রতিধ্বনি

# ভাৱৱ কাগজ

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পাৰ্টনার হয়েছে ব্র্যাক ব্যাংক

রবিবার, ২১ এপ্রিল ২০১৯

দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিতব্য ব্যবসা এবং ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পাৰ্টনার হয়েছে ব্র্যাক ব্যাংক লিমিটেড। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ব্র্যাক বিজনেস স্কুল 'ইন্ডাস্ট্রি ফোকাসড গ্লোবাল ট্রেডস ইন বিজনেস এন্ড ম্যানেজমেন্ট' বিষয়ক এই কনফারেন্সের আয়োজক।

এ কনফারেন্সটি স্থানীয় ও আন্তর্জাতিক শিক্ষাবিদ, গবেষক, ব্যবসায়ী ও করপোরেট প্রতিষ্ঠানের শীর্ষ নির্বাহী, শিক্ষার্থীদের নেটওয়ার্কিং বাড়াতে এবং ব্যবসা, ব্যবস্থাপনা তত্ত্ব ও এর বাস্তবায়ন বিষয়ে সহযোগিতার জন্য আয়োজন করা হয়েছে। কনফারেন্সটি আগামী ২৫-২৭ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত হবে।

ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম আর এফ হোসেন, উপব্যবস্থাপনা পরিচালক ও সিআরও চৌধুরী আখতার আসিফ, এসএমই ব্যাংকিং বিভাগের প্রধান সৈয়দ আব্দুল মোমেন, ব্র্যাক বিজনেস স্কুলের ড. মো. মামুন হাবীবসহ উর্ধ্বতন কর্মকর্তারা গত ১৮ এপ্রিল ব্র্যাক ব্যাংকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এই পাৰ্টনারশিপ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।